



বর্ডার গার্ড বাংলাদেশের ষাটমিক প্রকাশনা বিজিবি বুলেটিন



● প্রথম বর্ষ

● মে সংখ্যা

● জ্যৈষ্ঠ-আষাঢ় ১৪২৭

● জুন ২০২০

সূচিপত্র:

বৃক্ষরোপণ কর্মসূচী-২০২০
এর শুভ উদ্বোধন

বর্ডার গার্ড হাসপাতাল,
ঢাকায় ১৪ শয্যা বিশিষ্ট
সিসিইউ স্থাপন

পিলখানায় হেলিপ্যাড
ভেলিডেশন ফ্লাইট

ATV প্রশিক্ষণ পরিদর্শন

বেসিক ক্লারিক্যাল কোর্স
এর প্রশিক্ষার্থীদের
কম্পিউটার ব্যবহারিক
পরীক্ষা গ্রহণ

সাইকোথেরাপিস্ট কর্তৃক
ক্লাশ পরিচালনা

নাফ নদীর কিনারা হতে
২,৪০,০০০ পিস ইয়াবা
উদ্ধার

বিজিবি সদস্যদের টহল
কার্যক্রম পরিচালনা

৯৫তম ব্যাচ রিক্রুটদের
প্রশিক্ষণ

ই মেইল :
bgbbulletin@gmail.com

ওয়েব সাইট :
www.bgb.gov.bd

বৃক্ষরোপণ কর্মসূচী-২০২০ এর শুভ উদ্বোধন



গত ০৭ জুলাই ২০২০ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বট গাছ রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচী-২০২০ এর শুভ উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ১৪ শয্যা বিশিষ্ট সিসিইউ স্থাপন



অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ রোগীদের জন্য আধুনিক চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় রেডিওলজি এন্ড ইমেজিং বিল্ডিং এর ৬ষ্ঠ তলায় ১৪ শয্যা বিশিষ্ট সিসিইউ স্থাপন করা হয়েছে।

পিলখানায় হেলিপ্যাড ভেলিডেশন ফ্লাইট



গত ২১ জুন ২০২০ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বীর উত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে বিজিবির হেলিকপ্টার এমআই-১৭১ই এর হেলিপ্যাড ভেলিডেশন ফ্লাইট অনুষ্ঠিত হয়।

ATV প্রশিক্ষণ পরিদর্শন

গত ২৮ জুন হতে ৯ জুলাই ২০২০ তারিখ পর্যন্ত ০২ সপ্তাপব্যাপী শ্রীমঙ্গল সেক্টরের ব্যবস্থাপনায় পরিচালিত ATV প্রশিক্ষণ পরিদর্শন করেন কর্নেল গাজী মুহাম্মদ সাজ্জাদ, এসপিপি, পিবিজিএম, পিএসসি, সেক্টর কমান্ডার, শ্রীমঙ্গল।



বেসিক ক্লারিক্যাল কোর্স এর প্রশিক্ষার্থীদের কম্পিউটার ব্যবহারিক পরীক্ষা গ্রহণ



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রামের বীরশ্রেষ্ঠ মুশী আব্দুর রউফ হলের কম্পিউটার ল্যাবে বেসিক ক্লারিক্যাল কোর্স -০১/২০২০ এর প্রশিক্ষার্থীদের কম্পিউটার ব্যবহারিক পরীক্ষা গ্রহণের স্থিরচিত্র।

সাইকোথেরাপিস্ট কর্তৃক ক্লাশ পরিচালনা



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজে ৯৫তম ব্যাচ রিক্রুটদের 'চাকুরীর অপরিহার্যতা, কঠোর প্রশিক্ষণের গুরুত্ব এবং মানসিক সক্ষমতা বৃদ্ধির উপায়' সম্পর্কে ক্লাস পরিচালনা করছেন সাইকোথেরাপিস্ট।

নাফ নদীর কিনারা হতে ২,৪০,০০০ পিস ইয়াবা উদ্ধার

টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর অধস্তন নোয়াপাড়া বিশেষ ক্যাম্পের বিশেষ টহলদল কর্তৃক নোয়াপাড়া বেড়াবাঁধ বরাবর নাফ নদীর কিনারা হতে ২,৪০,০০০ পিস ইয়াবা ট্যাবলেট, ০১ টি দেশীয় তৈরি বন্দুক, ০১ টি ধারালো কিরিচ ও ০২ রাউন্ড কার্তুজের খালি খোসা উদ্ধার করা হয়।



বিজিবি সদস্যদের টহল কার্যক্রম পরিচালনা



নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) এর দায়িত্বপূর্ণ এলাকায় মাদকের সম্ভাব্য রুট সমূহে মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

৯৫তম ব্যাচ রিক্রুটদের প্রশিক্ষণ



ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) তে অনুষ্ঠিত ৯৫তম ব্যাচ রিক্রুটদের ৭.৬২ মি.মি. রাইফেল টাইপ-৫৬ (চীনা) এর সাইট লাগানো, মজবুতভাবে ধরা, লক্ষ্যস্থির ও গুলি ছোড়ার অনুশীলন ক্লাস পরিচালনা করছেন অস্ত্র প্রশিক্ষক।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) তে অনুষ্ঠিত ৯৫তম ব্যাচ রিক্রুটদের প্রশিক্ষক কর্তৃক ফাঁদের মহড়া প্রদর্শনের স্থিরচিত্র।



চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) তে অনুষ্ঠিত ৯৫তম ব্যাচ রিক্রুটদের শরীর চর্চা অনুশীলনের দৃশ্য।